**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**
**বাংলাদেশ, ঢাকা।**

## <u>২০১৭ শিক্ষাবর্ষে ঢাকা মহানগরীসহ জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করার নিয়মাবলি :</u>

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী http://gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk pre-paid mobile নম্বর হতে **SMS** এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন ।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ : ৩০/১১/২০১৬ দিবাগত রাত ১২:০০ টা।
ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১২/১২/২০১৬ দিবাগত রাত ১২:০০টা।
উল্লেখ্য সংশ্লিষ্ট জেলা/উপজেলা কমিটি সময়সীমা পরিবর্তন করতে পারবেন।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk pre-paid mobile নম্বর হতে **SMS** এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১২/১২/২০১৬ রাত ১২:০০ মিনিটের মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ১৪/১২/২০১৬ রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

### ❑ Web Application Form পূরণ এর নিয়মাবলি :

১। http://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন । যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেট- এ নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবিযুক্ত Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

### ❑ SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী :

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১৫০/- টাকা অনধিক ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে জমা দিবেন।

২। **প্রথম SMS : GSA<space>User ID(Web Application হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে**

উদাহরণ : **GSA<space>ABCDEF লিখে send করতে হবে 16222 নম্বরে**

* **ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS- টি করতে হবে ।**

৩। **দ্বিতীয় SMS : GSA<space>Yes<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে।**

উদাহরণ : **GSA<space> Yes <space>123456 লিখে send করতে হবে 16222 নম্বরে**

**চলমান পাতা- ০২**

৪। **সফলভাবে আবেদন ও আবেদন ফি প্রদান সম্পন্ন হলে দ্বিতীয় SMS-এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে http://gsa.teletalk.com.bd ওয়েব সাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং ভর্তির জন্য অবশ্যই প্রদর্শন করতে হবে।**

❖ এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **Online**-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না এবং প্রবেশপত্র Download করা যাবেনা।

❖ স্কুল ভর্তি কার্যক্রম সম্পাদন ও এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য অন্যের উপর নির্ভরশীল না হয়ে নিজেই প্রক্রিয়াটি সম্পন্ন করতে একটি টেলিটক প্রি-পেইড সীম সংরক্ষণ করুন।

❖ **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং **SMS-এর মাধ্যমে** প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

## ❑ User ID এবং PIN পুনরুদ্ধার পদ্ধতি :

**কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।**

১। User ID জানা থাকলে GSA<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: GSA Help User ABCDEF & send to 16222

২। PIN Number জানা থাকলে GSA<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: GSA Help PIN 1234567 & send to 16222

❑ **ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটি/প্রধান শিক্ষকের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।**

❑ সংশ্লিষ্ট জেলা / উপজেলা ভর্তি কমিটির সদস্য সচিব/ প্রতিষ্ঠান প্রধানদের করণীয় : ভর্তি কমিটির সভাপতির সাথে আলোচনাক্রমে কমিটির সভা আহবান করে আবেদন ফরম পূরণ /জমার সময়সীমা; শূন্য আসন নির্ধারণ পূর্বক প্রতিষ্ঠান প্রধানদের মোবাইলে টেলিটক কর্তৃক SMS এ প্রেরিত EIIN এবং Password এর মাধ্যমে **http://gsa.teletalk.com.bd** website-এ School/Authority তে login করে বিদ্যালয় সমূহের লগো, প্রতিষ্ঠান প্রধানের সীল, শিফ্‌ট ও শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা, বালক/বালিকা/সহশিক্ষা ইত্যাদি তথ্য সমূহ সঠিকভাবে পূরণ করবেন।

❑ login করার পর স্কুলের ভর্তি সংক্রান্ত তথ্য ইনপুট দেয়ার পর সেভ করে 'Summary' বাটনে ক্লিক করলে পূরণকৃত সকল তথ্য প্রদর্শিত হবে যা প্রিন্ট করে রাখা যাবে। কোন তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে পূণরায় সঠিক তথ্য সেভ করে পূণরায় 'Summary' বাটনে ক্লিক করে তথ্যের প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

❑ প্রতিষ্ঠান 'Application Report' বাটনে ক্লিক করে আবেদন সংক্রান্ত তথ্য দেখতে পারবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পরে এই তথ্য অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে।

❑ এছাড়া **http://gsa.teletalk.com.bd** website-এ প্রতিষ্ঠানের প্রোফাইল পূরণের প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধানদের জন্য একটি নির্দেশনা থাকবে।

**( প্রফেসর মো: এলিয়াছ হোসেন )**
**পরিচালক (মাধ্যমিক)**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**
**বাংলাদেশ, ঢাকা।**
**ফোন : ০২-৯৫৫৪৫৬৫**